

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৫৪

জিরানীয়া, ২২, জানুয়ারি, ২০২৪

জিরানীয়া মহকুমায় ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উদযাপন

জিরানীয়া মহকুমায় গতকাল উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উদযাপন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং চৌধুরীবাড়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় এই অনুষ্ঠানটি হয় চৌধুরীবাড়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, মুখ্যমন্ত্রী প্রফেসার (ডা.) মানিক সাহার নেতৃত্বে ত্রিপুরা উন্নয়নের দিকে এগিয়ে চলছে। সড়ক যোগাযোগ, রেল যোগাযোগ, বিমান যোগাযোগ প্রভৃতিতে ত্রিপুরা আজ এগিয়ে গেছে। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারত সংকল্প যাত্রায় সারা রাজ্য প্রচার অভিযান চলছে। করে দেশের প্রতিটি নাগরিক যেন সরকারী প্রকল্পের সুযোগ থেকে বঞ্চিত না হন এর জন্যই এই প্রচার অভিযান চলছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস। তাছাড়া বক্তব্য রাখেন বিদ্যালয়ের শিক্ষক বিদ্যুৎ দত্ত। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষিকা রত্না দেবনাথ, দোলন মজুমদার প্রমুখ। এ উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। তাছাড়া ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হয় কুইজ প্রতিযোগিতা।

\*\*\*\*\*